



জামায়াতের ইসলামী নমুনা

৪ অক্টোবর বিকেলে বাসযোগে শিল্প শহর নোয়াপাড়া দিয়ে যাচ্ছিলাম। এ সময় পবিত্র মাহে রমজানকে স্বাগত জানিয়ে রাস্তায় দুটো মিছিল দেখতে পেলাম যার

একটি ইসলামী শাসনতন্ত্র আন্দোলনের, অপরটি ছিল জামায়াতে ইসলামী ও ছাত্রশিবিরের। ইসলামী শাসনতন্ত্র আন্দোলনের মিছিলটি সুশৃঙ্খলভাবে যাচ্ছিল এবং রাস্তায় চলাচলকারী যানবাহনগুলোকে জায়গা করে দিচ্ছিল যাতে তারা গন্তব্যে পৌঁছাতে পারে।

অন্যদিকে জামায়াতের মিছিলটি ছিল পুরো রাস্তাজুড়ে এবং তারা কোনো যানবাহন যাওয়ার সুযোগ দিচ্ছিল না। আমাদের বাসটি বাধা হয়ে জামায়াতের মিছিল অনুসরণ করছিল। বাসের সব যাত্রীই তাদের এ আচরণে বিরক্ত হচ্ছিল এবং অনেকে গালাগালি করছিল। জামায়াতের মিছিলের কারণে দেরি হওয়ায় বাসযাত্রী

আমার এক ছোটভাই ও আমি মাগরিবের নামাজের জামাত ধরতে ব্যর্থ হলাম। প্রশ্ন হলো, জামায়াতীদের মিছিলে যদি রাস্তা না আটকানো হতো তাহলে আমরা অবশ্যই জামাতে নামাজ আদায় করতে পারতাম। জামায়াতীদের এ কর্মকে অকর্ম বললে কী অন্যায় হবে? মুখে ইসলামের কথা বলে তারা যা করেছে তা ইসলামের পক্ষে না বিপক্ষে এ প্রশ্ন পাঠকদের কাছে রইল।

আখতারুল আলম বাবুলু
লোহাগড়া, নড়াইল

সংশোধনী



mV3winK 2000-
Gi C`msL`v
2005-G`vD`
nvq`v`i i tj Lvq
GKwJ bvg fj
Qvcv n`q`fQ|
d`v` c03
tj Lvq wKQy`v`b
A`u0Zv`yKv
G f`j i KviY|
0kvn`fgvrv`\$

dwi`0 Gi`v`b co`z N`te
0kvnxb Avn`\$` dwi`0, wZub
GKRb mi Kwii KgRZP
wQ`j b| mv`eK mivPe kvn
fgvrv`\$` dwi`i i m`f`z Zvi
fKv`b v m`u`K`bB|
Amb`QvKZ GB f`j i Rb`
Avigiv Av`šwii Kfiv`e
`jwLZ|

we.m.

পাঠক ফোরাম

র্যা বের আচরণ

আমি একটি বেসরকারি সংস্থার নির্বাহী পরিচালক। সম্প্রতি জ্বালানি তেলের মূল্য বৃদ্ধির ফলে বাইসাইকেল নিয়েছি। শবেবরাতের রাতে বের হয়েছিলাম ঐতিহ্যবাহী কারামতিয়া মসজিদের উদ্দেশে। কিন্তু সেখানে নামাজ আদায় করতে পারিনি। নামাজ পড়তে হয়েছে বাসায়। সেদিন র্যাব নামানো হয়েছিল। মসজিদের ৫০০ গজ দূরে প্রধান সড়কে র্যাব আমার গতিরোধ করে। আমার অপরাধ- র্যাবের কর্মকর্তার (সম্ভবত ২য় শ্রেণীর পুলিশ অফিসার) সামনে দিয়ে সাইকেল চালিয়ে যাচ্ছি। তিনি আমাকে প্রশ্ন করলেন, তার মতো কর্মকর্তার প্রতি সম্মান প্রদর্শনের জন্য সাইকেল থেকে নেমে এটুকু পথ পায়ে হেঁটে যাওয়ার মতো ভদ্রতাজ্ঞানটুকুও কি আমার নেই? তারপর আমার দেহ তল্লাশি করলেন। পাঞ্জাবির পকেট থেকে মোবাইল বের করে টিপতে লাগলেন। কিন্তু পাসওয়ার্ড থাকায় খুলতে পারলেন না। মোবাইলের 'লক' খোলার জন্য তিনি 'সিকিউরিটি' নাম্বার চাইলে আমি পাঁচটি নাম্বার বললাম। তারপর একে একে তিনি ইনকামিং-আউটগোয়িং নাম্বারগুলো দেখলেন। 'সেভ' করা নাম্বারগুলোর মধ্যে সাংবাদিক, শিক্ষক, এনজিও কর্মী, স্থানীয় প্রশাসনের কর্মকর্তাদের নাম্বার রয়েছে। এছাড়া দুটি জাতীয় পত্রিকার বার্তা সম্পাদক ও সরকারের সর্বোচ্চ পর্যায়ে রাজনৈতিকভাবে নিয়োগপ্রাপ্ত এক কর্মকর্তার মোবাইল নাম্বার দেখে তিনি আমার পরিচয় জানতে চাইলেন। আমি বললাম, এই প্রশ্নটা আগে করা উচিত ছিল। এছাড়া আমার দেহ তল্লাশির আগেও অনুমতি নেননি। এবার ভদ্রলোক একটু নড়েচড়ে বসলেন। আমি তার পরিচয় জানতে চাইলাম। তার দেহে পোশাক থাকলেও নিয়মানুযায়ী নেমপ্লেট ছিল না। তিনি পরিচয় দেননি। আমারও পরিচয় দিতে ইচ্ছে করেনি। শুধু বললাম- আমাদের নিরাপত্তার জন্য আপনাকে নিয়োগ দেয়া হয়েছে। আমার ট্যাক্সের টাকা দিয়ে সরকার আপনার বেতন দেয়। নিরাপত্তার নামে আপনি যে আচরণ করলেন তা চরম ঔদ্ধত্যপূর্ণ।

নাম প্রকাশে অনিচ্ছুক
মানবাধিকার কর্মী, রংপুর

বিশ্ববিদ্যালয়ে ভর্তির সব তথ্য

- হাই আদানান, রেজাল্ট কী করলি ?
- ভালো করতে পারিনি, দোস্। মাত্র ৪.৮৮। তোর খবর কী ?
- আমারও একই অবস্থা, ৪.৯২। ভর্তি হবি কই, ঠিক করেছিস
- আকবুর পছন্দ ইঞ্জিনিয়ার, আম্মুর ডাক্তার আর আমার পছন্দ বিবিএ।
- তাহলে সাবজেক্ট পছন্দ নিয়ে তো বেশ ফ্যাসাদেই আছিস।

- একদিকে ভর্তির প্রিপারেশন, অন্যদিকে ভর্তির সার্কুলারের জন্য দৈনিক চার পাঁচটা পত্রিকা দেখা, ...। আসলেই গ্যাড়াকলে আছি, দোস্।
- আরে বোকা, এটা কোনো সমস্যাই না। বিশ্ববিদ্যালয়ের সার্কুলারসহ সব তথ্য একসঙ্গে পাবি ভার্সিটি এডমিশন ডট কমে।

www.VarsityAdmission.COM